

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশ নিষ্ঠে সাড়ে ৫ লাখ পরীক্ষার্থী

ইত্তেফাক ডিজিটাল ডেক্স

প্রকাশ : ২৫ মে ২০২৫, ০১:৩৫



চলতি শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় প্রায় সাড়ে পাঁচ লক্ষ শিক্ষার্থী অংশগ্রহণ করতে যাচ্ছে। সারাদেশের ১৩৭টি কেন্দ্রে আগামী শনিবার (৩১ মে) বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এই পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

শনিবার (৩১ মে) জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, ভর্তি পরীক্ষার সার্বিক প্রস্তুতি ও দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে ২৫ মে দুপুর ১২টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর-এর সভাপতিত্বে একটি জুম মিটিং এর আয়োজন করা হয়েছে। এই মিটিংয়ে সংশ্লিষ্ট কেন্দ্রের অধ্যক্ষ/কেন্দ্র সচিবদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা

হয়েছে। জুম মিটিং এর লিংক, আইডি ও পাসওয়ার্ড ইতোমধ্যে সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রের ই-মেইলে পাঠানো হয়েছে।